

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১১-০১-২০২৪

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (০৮-০১-২০২৪ থেকে ১০-০১-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

০৮ জানুয়ারী: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের দার্জিলিং, উত্তর ২৪ পরগনা ও পশ্চিম মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় হালকা (দৃশ্যমানতা: ৫০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

০৯ জানুয়ারী: গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগনা জেলার এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং ও কোচবিহার জেলার দুয়েক জায়গায় ঘন থেকে অতি ঘন (দৃশ্যমানতা: ৫০-১৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা ও জলপাইগুড়ি জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

১০ জানুয়ারী: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার, জলপাইগুড়ি, দার্জিলিং জেলার দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের মালদা, পশ্চিম বর্ধমান ও উত্তর ২৪ পরগনা জেলার

দুয়েক জায়গায় হালকা (দৃশ্যমানতা:৫০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৭৭ থেকে ৯৬ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৭৩ থেকে ৮৭ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বনিম্ন তাপমাত্রা ০৯ই ও ১০ই জানুয়ারী পুরুলিয়া তে ১০.১ ডিগ্রি সেলসিয়াস ছিল।

রাতের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
৪২০২-১০-১০	কোচবিহার, কৃষ্ণনগর, কাঁথি	--	--	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম, দীঘা	বালুরঘাট

০৯-০১-২০২৪	কালিম্পং, বালুরঘাট, কৃষ্ণনগর, কাঁথি, দীঘা	--	--	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম,	--
১০-০১-২০২৪	কোচবিহার, কৃষ্ণনগর, কাঁথি, দীঘা	--	--	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, বহরমপুর, মেদিনীপুর, আলিপুর, দমদম	--

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

১১ জানুয়ারী (দিন ১) -

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৩ দিন, রাতের তাপমাত্রা ২-৪ ডিগ্রী সেলসিয়াস বাড়বে; পরবর্তী ২ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

১২ জানুয়ারী (দিন ২)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

১৩ জানুয়ারী (দিন ৩) -

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

১১ জানুয়ারী (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি ও কোচবিহার জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং নদীয়া জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা: ৫০-১৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

১২ জানুয়ারী (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি ও কোচবিহার জেলার দুয়েক জায়গায় ঘন (দৃশ্যমানতা: ৫০-১৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

১৩ জানুয়ারী (দিন ৩) -

কোন সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর, কলকাতা-২৭

১১-০১-২০২৪